

10/07/07
8

ময়মনসিংহে ছাত্রছাত্রীদের বিনামূল্যে আইসিটি প্রশিক্ষণ

ময়মনসিংহ সংবাদদাতা

ময়মনসিংহের টিচার, ছাত্র, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণীর পেশাজীবী নাগরিকদের আইসিটি প্রশিক্ষণ দেবে আইসিটি বিজনেস প্রমোশন কর্তৃদল। ঢাকার বাইরে এ প্রথম সরকারি ও বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগে এ কর্মসূচি শুরু হবে। গতকাল শনিবার ময়মনসিংহ প্রেস ক্লাব মিলনায়তনে ময়মনসিংহে দুইদিনব্যাপী আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম উপলক্ষে মিট দি প্রেস অনুষ্ঠানে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম ও বাংলাদেশ কমপিউটার সমিতির সভাপতি ফয়েজউল্লাহ খান লিখিত বক্তব্যে এ কথা বলেন।

মিট দি প্রেস অনুষ্ঠানে লিখিত বক্তব্যে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম ও বাংলাদেশ কমপিউটার সমিতি সভাপতি ফয়েজউল্লাহ খান বলেন, দেশীয়ভাবে বিভিন্ন প্রকার কমপিউটার অ্যাপ্লিকেশন তথা সফটওয়্যার প্রোডাক্টস ও কল্যাকৌশল সম্পর্কে দেশের কেন্দ্রস্থলে অবস্থিত সুপ্রাচীন, ঐতিহ্যবাহী ও প্রকৃৎ নদ বিধৌত ময়মনসিংহের শিক্ষক, ছাত্র, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণীর পেশাজীবী নাগরিকদের মধ্যে সচেতনতা সৃষ্টি ও এসব

বিষয়ে তাদের সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে এ কর্মসূচির আয়োজন করা হয়েছে। আজ রবিবার ও আগামীকাল সোমবার ময়মনসিংহ নগরীর হোটেল আমির ইন্টারন্যাশনাল হোটেলে এ কর্মসূচি চলবে। দুইদিনব্যাপী কর্মসূচিতে আনন্দ কমপিউটারের চিফ একজিকিউটিভ মোস্তফা জস্কার, গ্রামীণ সাইবারনেট লিমিটেডের পরিচালক আলহাজর এইচ চৌধুরীসহ দেশের সুপ্রতিষ্ঠিত ১০টি আইসিটি কম্পানির ব্যাতনামা কমপিউটার/আইসিটি বিশেষজ্ঞরা উপস্থিত থাকবেন এবং এ কর্মসূচিতে তাদের উদ্ভাবিত কমপিউটার অ্যাপ্লিকেশন অথবা সফটওয়্যার প্রোডাক্টসের অডিও ভিউজিয়াল প্রেজেন্টেশন করবেন। তিনি বলেন, যাদের প্রশিক্ষণ দেয়া হবে তাদের ন্যূনতম এইচএসসি পাস বা কলেজগামী শিক্ষার্থী হতে হবে। নিবন্ধন বা অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য কোনো প্রকার ফি প্রয়োজন হবে না। মিট দি প্রেস অনুষ্ঠানে বক্তব্য রাখেন ময়মনসিংহ কমপিউটার সমিতির সেক্রেটারি মাহবুবুর রহমান, বাংলাদেশ কমপিউটার সমিতির মেম্বর সাওকাত মারোয়ার হোসেন কুলকুল, মেম্বর মোঃ মোখলেছুর রহমান প্রমুখ।